# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬৩১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - সালাতের ফযীলত

بَابُ فَضَائِلِ الصَّلَاةِ

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَغْلِبَنَّكُمُ الْأَعْرَابُ على اسْمِ صَلَاتكُمْ الْمغرب» . قَالَ: «وَتقول الْأَعْرَاب هِيَ الْعشَاء»

### বাংলা

৬৩১-[৮] (’আবদুল্লাহ) ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বেদুঈনরা যেন তোমাদের মাগরিবের সালাতের নামকরণে তোমাদের ওপর বিজয়ী হতে না পারে। বর্ণনাকারী বলেন, বেদুইনরা এ সালাতকে ’ইশা বলতো। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৬৩, আহমাদ ৫/৫৫, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৭৩৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: মাগরিবের সালাতের নামকরণের ব্যাপারে জাহিলী যুগের ‘আরব বেদুঈনরা (গ্রাম্য ‘আরব) যেন তোমাদের ওপর বিজয় লাভ না করে। এখানে মাগরিবকে ‘ইশা নামে নামকরণ করতে যেমনটি আরব বেদুঈনরা করতো, তা থেকে নিষেধ করার উদ্দেশ্য হলো যখন মাগরিবের সালাতের নামকরণের ক্ষেত্রে তাদের অনুসরণ করা হবে তখন তারা এ নামকরণের ক্ষেত্রে বিজয়ী হবে। (অর্থাৎ- তাদের মতামতই আল্লাহর বক্তব্যের চেয়ে অগ্রাধিকার পেল বলে সাব্যস্ত হবে, এটাই মুসলিমদের পরাজয় এবং বেদুঈনদের বিজয়)। সাহাবী ‘আবদুল্লাহ ইবনু মুগাফফাল আল্ মুযানী (রাঃ) বলেন, জাহিলী যুগে ‘আরব বেদুঈনরা মাগরিবকে ‘ইশা বলতো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন